


নীতি নির্ধারণী সুপারিশমালা

জেন্ডার অন্তর্ভুক্তিমূলক পানি ব্যবস্থাপনা, জলবায়ু-সহিষ্ণু জীবিকা ব্যবস্থা এবং নদীভাঙনের সাথে খাপ খাওয়ানোর জীবনযাত্রা- চর লতা, পটুয়াখালী

প্রকল্প: নারী ঢেউয়ের নেতৃত্বে চরলতায় জেন্ডার অন্তর্ভুক্তিমূলক পানি শাসন (IUCN BRIDGE জেন্ডার অনুদান)
অংশীদার: অভিযাত্রিক ফাউন্ডেশন ও ইনোভেটিভ ডেভেলপমেন্ট প্র্যাকটিশনার্স অ্যান্ড থিংকার্স (INDEPTH) লিমিটেড
প্রকল্প এলাকা: চালিতাবুনিয়া ইউনিয়ন, রাঙ্গাবালী উপজেলা, পটুয়াখালী জেলা

তিনটি সংকট, একটি কমিউনিটি

চর লতা মেঘনার মোহনায় অবস্থিত একটি প্রত্যন্ত নদীচর, যেখানে তিনটি পৃথক সংকট একসাথে আঘাত হেনেছে- জলবায়ু-সৃষ্ট লবণাক্ততা, পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের কয়লার ছাই দূষণ এবং অন্তর্ভুক্তি ও জবাবদিহিতামূলক পানি ব্যবস্থাপনার অনুপস্থিতি। ১২২ জন কমিউনিটি সদস্যের (১০১ জন নারী, ২১ জন পুরুষ) উপর পরিচালিত বেজলাইন জরিপ একটি কাঠামোগত ব্যর্থতার চিত্র তুলে ধরে।

জলবায়ু সংকট

- ৯৫.৯% মানুষ লবণাক্ততার শিকার।
- দুর্যোগকালীন সময়ে ৯৯.২% মানুষের নিরাপদ পানি সংকট হয়েছে।
- ঘূর্ণিঝড়ে ৯৯.২% মানুষের ঘর বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।
- ৮৬.১% মানুষ কেবল বর্ষাকালে নিরাপদ পানি পায়।

শিল্প দূষণ

- ৯৭.৫% জানান পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে কয়লার ছাই চরলতায় পড়ে।
- ৯৮.৪% মানুষের ফসল নষ্ট হয়েছে
- ৯৫.৯% মানুষের পুকুর দূষিত
- ৯১% চরলতাবাসী জানিয়েছেন তারা কোনো সমাধান জানেন না।

সঠিক পানি ব্যবস্থাপনার অনুপস্থিতি

- মাত্র ১৪.৮% মানুষ স্থানীয় পানি কমিটি সম্পর্কে সচেতন।
- ৮২.২% নারী কখনো কমিউনিটি সভায় কথা বলেন নি।
- ৯০.২% নারী ঘরের পানি ব্যবস্থাপনার দায়িত্ব বহন করলেও সিদ্ধান্ত গ্রহণে কোন ভূমিকা রাখতে পারেন না।

দুটি অতিরিক্ত হুমকি এই এলাকার মানুষের অস্তিত্বের সংকটকে আরও জটিল করে তুলছে:

- নদীভাঙন: মেঘনার মোহনা কয়েক সপ্তাহেই ৫০০-১,০০০ মিটার জমি গ্রাস করতে পারে, যা চালিতাবুনিয়া ইউনিয়নের বাসিন্দাদের নিয়মিত বাস্তুচ্যুত করে এবং নিরাপদ পানি ব্যবস্থপনার অবকাঠামো ধ্বংস করে।
- জোয়ার-ভাটায় যোগাযোগ বিচ্ছিন্নতা: চরলতায় পৌঁছানোর একমাত্র পথ নৌকা, যা অনিশ্চিত জোয়ার-ভাটার ছন্দে নিয়ন্ত্রিত। এর ফলে দ্বীপটি বাজার, স্বাস্থ্যসেবা এবং প্রশাসন কাঠামো থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে।

৯০.২%
নারী পানি সংগ্রহ ও গৃহস্থালী কাজের দায়িত্ব পালন করেন

০%
নারীর সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আছে

৮৬.১%
চরলতাবাসী সারা বছর নিরাপদ পানি পান না

৯৭.৫%
কয়লার ছাই দূষণের সম্মুখীন

মূল সমস্যা

নারীরা ৯০.২% পানি সংগ্রহ ও গৃহস্থালি কাজের দায়িত্ব বহন করেন, অথচ ০% নারী সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন এবং এখন নদীভাঙন ও দুর্যোগ ঝুঁকিতে বসতবাড়ি, জমি ও বেঁচে থাকার সম্বল হারানোর হুমকিতে আছেন।



প্রস্তাবিত সমাধান: চার স্তম্ভের কৌশল

এই নীতি নির্ধারণী সুপারিশমালায় জেন্ডার অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপের মাধ্যমে পারস্পরিক ঝুঁকি মোকাবেলায়, ব্যয় পরিকল্পনাসহ চার স্তম্ভের কৌশলসমূহ উপস্থাপন করা হয়েছে। ১২ মাসে প্রয়োজনীয় মোট বিনিয়োগ ২ কোটি ৬২ লক্ষ টাকা (প্রায় ২,১৬,০০০ মার্কিন ডলার)।

স্তম্ভ ১: জেন্ডার অন্তর্ভুক্তিমূলক পানি ব্যবস্থপানার অবকাঠামো

দীর্ঘমেয়াদি পানি প্রাপ্যতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পানি ব্যবস্থাপনার অবকাঠামোতে অংশগ্রহণ ও ব্যবস্থাপনা ইউনিয়ন পরিষদের পাশাপাশি নারীদের হাতে থাকতে হবে।

অবকাঠামো	পরিমাণ	জেন্ডার অন্তর্ভুক্তিমূলক বৈশিষ্ট্য	ব্যয় (টাকা)
আচ্ছাদিত বৃষ্টির পানি সংগ্রহের ট্যাংক (৫,০০০–১০,০০০ লিটার)	৬ টি	৬০ জন প্রশিক্ষিত নারীর মাধ্যমে চাবি ও প্রবেশাধিকার নিয়ন্ত্রণ	৩,৬০,০০০
আচ্ছাদিত পুকুর স্যান্ড ফিল্টার (PSF)	৩ টি	নারীদের জন্য পরিচালনা ও রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ; প্রতিবন্ধী-বান্ধব নকশা প্রণয়ন	৫,৪০,০০০
নারী বান্ধব ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র (WASH সুবিধাসহ)	১ টি	নারী পরিচালিত ব্যবস্থাপনা; প্রশিক্ষণ কেন্দ্র; জেন্ডার ভিত্তিক সহিংসতা থেকে সুরক্ষা	১,০০,০০,০০০

স্তম্ভ ১ মোট: ১,০৯,০০,০০০ টাকা

স্তম্ভ ২: নদীভাঙন সহিষ্ণুতা ও জলবায়ু-অভিযোজিত জীবনযাত্রা

চর লতার বিচ্ছিন্নতা ও পরিবেশগত অস্থিরতা কেবল বাড়তি সমস্যাই নয়, এগুলো পানি ব্যবস্থাপনা, জীবিকার নিরাপত্তা এবং নারীর অংশগ্রহণের মূল বাধা।

হস্তক্ষেপ	সম্বোধিত সমস্যা	জেন্ডার অন্তর্ভুক্তিমূলক বৈশিষ্ট্য	ব্যয় (টাকা)
নদীভাঙন পূর্ব সতর্কতা ব্যবস্থা	সপ্তাহে ৫০০–১,০০০ মিটার জমি হানি; বাস্তুচ্যুতির ঝুঁকি	নারীদের 'ভাঙন পর্যবেক্ষক' হিসেবে প্রশিক্ষণ; নারী পানি ব্যবহারকারী গ্রুপের সাথে সমন্বয়	৫,০০,০০০
জোয়ার-অভিযোজিত কমিউনিটি ঘাট/অবতরণ স্টেশন	৯৮% নারী চলাচলে বাধার সম্মুখীন; সীমিত চিকিৎসা সেবা	নারী পরিচালিত কমিটি; WASH ও অপেক্ষার সুবিধাসহ নিরাপদ ঘাট তৈরি	২৫,০০,০০০
কমিউনিটি-ভিত্তিক ভাঙন মোকাবেলা তহবিল	ভাঙনজনিত বাস্তুচ্যুতিতে কোনো প্রস্তুতি নেই	নারী পানি ব্যবহারকারী গ্রুপ এবং পানি ব্যবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হবে; নারী-প্রধান এবং ঝুঁকিতে থাকা পরিবার অগ্রাধিকার পাবে	১০,০০,০০০
ভাসমান অ্যাম্বুলেন্স/জরুরি পরিবহন নৌকা	মাতৃস্বাস্থ্য ও গর্ভবতী নারীদের জরুরি অবস্থায়; দুর্যোগে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়া	নারী ও শিশু স্বাস্থ্যকে অগ্রাধিকার; নারী প্যারামেডিক অন্তর্ভুক্ত	৮,০০,০০০
উঁচু ভাঙন-সহিষ্ণু গৃহস্থালি প্ল্যাটফর্ম (পাইলট)	বসতবাড়ি হারানো; WASH অবকাঠামো ধ্বংস	নারী-প্রধান পরিবার অগ্রাধিকার; সবচেয়ে ঝুঁকিতে থাকা ৫০টি পরিবার	২৫,০০,০০০

স্তম্ভ ২ মোট: ৭৩,০০,০০০ টাকা

স্তম্ভ ৩: জলবায়ু-বান্ধব জীবিকার সুযোগ

জীবিকা কার্যক্রম পরিকল্পনা সীমিত যাতায়াত ব্যবস্থার কথা বিবেচনায় তৈরি করা হয়েছে, কারণ ৯৮% নারী চলাচলে বাধার সম্মুখীন হয়, এবং সমস্ত সহায়ক ব্যবস্থা হবে নারী নেতৃত্বের মাধ্যমে।

জীবিকা খাত	পরিবার সংখ্যা	প্রাক্কলিত বার্ষিক আয় (টাকা)	মোট বিনিয়োগ (টাকা)
লবণ-সহিষ্ণু সূর্যমুখী চাষ	২০০ পরিবার	১৫,০০০–২৫,০০০/পরিবার	১৩,০০,০০০
কাঁকড়া মোটাতাজাকরণ ও চাষ (জলজ চাষ)	১০০ পরিবার	১০,০০০–১৫,০০০/পরিবার	১০,০০,০০০
গৃহস্থালি সবজি বাগান (উঁচু বেড/ভাসমান)	৩০০ পরিবার	৮,০০০–১২,০০০/পরিবার	৯,০০,০০০
দেশীয় হাঁস-মুরগি পালন	৩০০ পরিবার	৬,০০০–১০,০০০/পরিবার	১২,০০,০০০
বর্জ্য থেকে সম্পদ: কম্পোস্ট (কমিউনিটি)	১টি গ্রাম	৫০০–১,০০০/মাস/নারী	৬০,০০০

সহায়ক ব্যবস্থা: নারী-বান্ধব সংগ্রহ কেন্দ্র; যৌথ জমি ব্যবহার সনদ; PKSF এর সুদমুক্ত ক্ষুদ্রঋণ।

স্তম্ভ ৩ মোট: ৪৪,৬০,০০০ টাকা

স্তম্ভ ৪:
সুশাসন, সক্ষমতা ও অ্যাডভোকেসি

টেকসই পরিবর্তনের জন্য প্রাতিষ্ঠানিকভাবে নারী নেতৃত্ব দরকার, যারা হবে প্রশিক্ষিত, নিবন্ধিত এবং প্রতিটি স্তরে সিদ্ধান্ত গ্রহণে সরাসরি যুক্ত।

কার্যক্রম	উপকারভোগী	ব্যয় (টাকা)
নিবন্ধিত নারী পানি ব্যবহারকারী গ্রুপ (WWUG) গঠন	৬০ জন নারী	১,৫০,০০০
জেন্ডার অন্তর্ভুক্তিমূলক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রশিক্ষণ (জেন্ডার ভিত্তিক সহিংসতা থেকে সুরক্ষা)	২০০ নারী + ৫০ পুরুষ	৩,০০,০০০
জনসভায় বক্তৃতা ও আলোচনা প্রশিক্ষণ (ভাতাসহ)	১০০ নারী	৪,০০,০০০
স্টেকহোল্ডার অ্যাডভোকেসি সংলাপ আয়োজন (ত্রৈমাসিক)	কমিউনিটি + সরকার + শিল্প	২,০০,০০০
কমিউনিটি-ভিত্তিক পরিবেশ পর্যবেক্ষণ ব্যবস্থা	৩০ জন নারী পর্যবেক্ষক	১,৫০,০০০

স্তম্ভ ৪ মোট: ১২,০০,০০০ টাকা

মোট বাজেট সারসংক্ষেপ

স্তম্ভ	মনোযোগ ক্ষেত্র	প্রাক্কলিত ব্যয় (টাকা)
স্তম্ভ ১	জেন্ডার অন্তর্ভুক্তিমূলক পানি অবকাঠামো	১,০৯,০০,০০০
স্তম্ভ ২	নদীভাঙন সহিষ্ণুতা ও জলবায়ু-অভিযোজিত জীবনযাত্রা	৭৩,০০,০০০
স্তম্ভ ৩	জলবায়ু-বান্ধব জীবিকার সুযোগ	৪৪,৬০,০০০
স্তম্ভ ৪	সুশাসন, সক্ষমতা ও অ্যাডভোকেসি	১২,০০,০০০
	মোট	**২,৩৮,৬০,০০০**
	আকস্মিক ব্যয় (১০%)	২৩,৮৬,০০০
সর্বমোট	**~২,১৬,০০০ মার্কিন ডলার**	**২,৬২,৪৬,০০০**

স্টেকহোল্ডারদের দায়িত্ব

স্টেকহোল্ডার	ভূমিকা	মূল দায়িত্ব	সময়কাল
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)	ভাঙন পূর্বাভাস	ভাঙনের তথ্য সরবরাহ; স্থানীয়দের পর্যবেক্ষণ ব্যবস্থায় যুক্ত করা; লবণাক্ততা প্রতিরোধী পুকুর ব্যবস্থা	মাস ১–৬
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)	অবকাঠামো	জোয়ার-অভিযোজিত ঘাট নির্মাণ; ADB অভিযোজিত নদী ব্যবস্থাপনা প্রকল্পের সাথে সমন্বয়	মাস ৩–৯
দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় (MoDMR)	সুরক্ষা ও আশ্রয়	নারী বান্ধব ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে অর্থায়ন; জেন্ডার ভিত্তিক সহিংসতার রেফারেল পথ যুক্ত করা; CPP স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ	মাস ২–৬
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE)	WASH	পুকুর স্যান্ড ফিল্টার (PSF) ও বৃষ্টির পানি সংগ্রহের ট্যাংক নির্মাণ; ভাঙন-সহিষ্ণু নকশা নিশ্চিতকরণ	মাস ২–৫
পরিবেশ মন্ত্রণালয় (MoEFCC)	পরিবেশ সম্মতি	পায়রা বিদ্যুৎ কেন্দ্র তদন্ত; চর লতাকে UNDP ক্ষুদ্র দ্বীপ প্রকল্পে যুক্ত করা	মাস ১–৩
ইউনিয়ন পরিষদ (চালিতাবুনিয়া)	স্থানীয় শাসন	খাস জমি বরাদ্দ; নারী পানি ব্যবহারকারী গ্রুপের সাথে ভাঙন তহবিল সহ-পরিচালনা	মাস ১
অভিযাত্রিক ফাউন্ডেশন	বাস্তবায়ন	৬০ জন পরিবর্তনকারী প্রশিক্ষণ; পানি ব্যবস্থাপনা কমিটি তৈরি; সংলাপ আয়োজন	মাস ১–১২
IUCN BRIDGE	কারিগরি তত্ত্বাবধান	চর লতাকে মেঘনা অববাহিকার আন্তঃসীমান্ত ভাঙন ও পলি নীতির সাথে সংযুক্ত করা	মাস ১–১২

তাৎক্ষণিক পরবর্তী পদক্ষেপ

১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED): চর লতায় দ্রুত পরিবেশ বৈজ্ঞানিক মূল্যায়ন পরিচালনা করুন। ঘাটের সর্বোত্তম অবস্থান নির্ধারণে ১৯৯৭ সালের ঘূর্ণিঝড়ের জলোচ্ছ্বাস মাত্রা এবং পরিবর্তনশীল তটরেখার গতিবিধি বিবেচনায় নিন।

২. দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় (MoDMR) /CPP: স্থানীয় স্বেচ্ছাসেবীদের ভাঙন-বিশেষ পূর্ব সতর্কতা প্রচার এবং জোয়ার-নিরাপদ নৌকা পরিচালনায় প্রশিক্ষণ দিন।

৩. অভিযাত্রিক ফাউন্ডেশন: নদীর সবচেয়ে কাছের পরিবার থেকে ১০ জন 'ভাঙন পর্যবেক্ষক' নারী নিয়োগ ও প্রশিক্ষণ দিন।

৪. পরিবেশ মন্ত্রণালয় (MoEFCC): চরলতাকে চলমান UNDP ক্ষুদ্র দ্বীপ ও চরাঞ্চল প্রকল্পে (২০১৯-২০২৭) আবাসন ও বাঁধ সহায়তার জন্য আনুষ্ঠানিকভাবে যুক্ত করুন।

> **“চরলতার নারীরা সঠিক পানি ব্যবস্থপনা করতে পারবেন না যদি তাদের পায়ের নিচের মাটি নদীতে ভেসে যায়। তারা সভায় যোগ দিতে পারবেন না যদি জোয়ার নৌকা ভেড়াতে না দেয়। নদীভাঙন ও জোয়ারের বিচ্ছিন্নতা বাড়তি সমস্যা নয় এগুলো তাদের জীবনমান উন্নয়নের পথে প্রধান অন্তরায়।**

উপসংহার ও পদক্ষেপের আহ্বান

এই নীতি নির্ধারণী সুপারিশমালায় ব্যয়-নির্ধারিত ও স্পষ্ট প্রমাণ-ভিত্তিক পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। ১২ মাসে ২ কোটি ৬২ লক্ষ টাকার (প্রায় ২,১৬,০০০ মার্কিন ডলার) মোট বিনিয়োগে জোয়ার ভাটা-অভিযোজিত ঘাট, ভাঙন পূর্ব সতর্কতা ব্যবস্থা, ভাসমান অ্যাম্বুলেন্স এবং উন্নত গৃহস্থালি নির্মাণ অন্তর্ভুক্ত, যা শাসন ব্যবস্থায় নারীদের অংশগ্রহণের ক্ষেত্রে চলাচল ও নিরাপত্তার বাধা সরাসরি দূর করবে।

আমরা ৩০ দিনের মধ্যে একটি আনুষ্ঠানিক পরিকল্পনার বিনম্র অনুরোধ জানাচ্ছি, যার মধ্যে থাকবে:

1. LGED কর্তৃক চরলতায় ঘাটের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার নিশ্চিতকরণ।
2. UNDP চরাঞ্চল প্রকল্পের আবাসন সহায়তা চর লতায় বিস্তার করার নিশ্চিতকরণ।
৩. পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই দূষণ নিয়ে পরিবেশ অধিদপ্তর (DoE)-এর কার্যক্রম শুরু।

OBHIZATRIK

Published by
OBHIZATRIK

Address House: 09, Road: S1, Block: F, Pallabi, Mirpur, Dhaka – 1216
Phone +8801701666301, +8801701666302, +8801701666312
Website https://obhizatrik.org/
Email info@obhizatrik.org

প্রস্তুতকারী:
অভিযাত্রিক ফাউন্ডেশন, চরলতাবাসীর পক্ষে

সহযোগিতায়:
INDEPTH লিমিটেড

অর্থায়নে:
IUCN BRIDGE জেন্ডার মেইনস্ট্রিমিং অনুদান